

নভেশন মডেল স্কুল

প্রথম শ্রেণি

বৌদ্ধ ধর্ম শিক্ষা

বার্ষিক পরীক্ষা : ২০১৯

পূজা অর্চনা

১। আহার পূজার গাথাটি লেখ।

উত্তর : অধিবাসেতু নো ভন্তে ভোজনং পরিকল্পিতং অনুক্লপং উপাদায় পটিগন্ হাতু উত্তমং ।
বাংলা অনুবাদঃ ভন্তে; আপনার যোগ্য উত্তম আহার প্রস্তুত হয়েছে। অনুগ্রহ পূর্বক এ আহার গ্রহণ করুন।

২। পূজা অর্থ কী?

উত্তর : পূজা অর্থ আরাধনা, উপাসনা, ভক্তি, ইত্যাদি প্রতিদিন সকালে ত্রিরত্নের উদ্দেশে পুষ্প পূজা, আহার পূজা, ও বিকেলে প্রদীপ পূজা, ধূপ পূজা ইত্যাদি করে থাকি।

৩। পূজা করলে কী উপকার হয় ?

(ক)উত্তরঃ পূজা করলে মন পবিত্র হয়।

(খ) মন থেকে লোভ হিংসা দূর হয়।

৪। পুষ্প পূজা কখন করতে হয় ?

উত্তরঃ প্রতিদিন সকাল বেলায় বাগান হতে ফুল সংগ্রহ করে পবিত্র মনে পূজার থালায় ফুল সাজিয়ে বুদ্ধের মূর্তি বা ছবির সামনে রেখে পূজা শুরু করতে হয়।

৫। শূন্যস্থান পূরণ কর :

ক. দুপুর ১২ টার আগে আহার পূজা করতে হয়।

খ. আমরা পুষ্প, আহার ও প্রদীপ দ্বারা পূজা করি।

গ. অধিবাসেতু নো ভন্তে ভজনং।

ঘ. চন্দন তৈল যুক্ত প্রদীপ অন্ধকারে দূর করে।

ঙ. দীপের আলোক যথা অন্ধকার হবে।

সঠিক উত্তরটির পাশে টিক(√) চিহ্ন দাও।

১। পূজা শব্দের অর্থ

(ক) তাড়না (খ) আরাধনা√ (গ) বেদনা

২। আহার পূজা কখন করতে হয়?

(ক) ১২ টার পর (খ) ২ টার আগে (গ) ১২ টার আগে√

৩. অন্ধকার ধ্বংস করে এই

(ক) দীপদানে√ (খ) ধূপদানে (গ) পুষ্পদানে

৪. সর্ব তৃষ্ণাক্ষয় হয়-

(ক) বন্দনার প্রভায় (খ) পূজার প্রভায় (গ) জ্ঞানের প্রভায়√

৫. বুদ্ধের আর এক নাম -

(ক) পুন্যবান (খ) ভগবান√ (গ) নির্বান

শীল

১। শীল শব্দের অর্থ কী?

উত্তর : শীল শব্দের অর্থ চরিত্র, স্বভাব, সংযম, নীতি, প্রভৃতি। শীল পালনের দ্বারা দেহ, মন বাক্যকে সুন্দরভাবে গঠন করা যায়।

২। কী কী করা পাপ?

উত্তর : জীব হত্যা, মিথ্যা বলা, অন্যের ধন সম্পদ চুরি, ব্যাভিচার, সুরা মদ গ্রহণ করা পাপ। প্রত্যেক বৌদ্ধ নর-নারীর উচিত পঞ্চশীল গ্রহণ ও পালন করা।

৩। পঞ্চশীলের প্রথম শীল কে? তার বাংলা কর।

উত্তর : ক) পানাতি পাতা বেরমনী সিক্খাপদং সমাদিয়ামি। খ) অদিন্নাদানা বেরমনী সিক্খাপদং সমাদিয়ামি।

অর্থ : ক) প্রাণিহত্যা থেকে বিরত থাকব এই শিক্ষা পদ গ্রহণ করেছি।

খ) অদত্ত বস্তু গ্রহণ(চুরি) থেকে বিরত থাকব। এই শিক্ষা পদ গ্রহণ করেছি।

৪। পঞ্চশীলে শিক্ষা কী?

- (ক) প্রাণি হত্যা থেকে বিরত থাকব।
- (খ) অদত্ত বস্তু গ্রহণ(চুরি) থেকে বিরত থাকব।
- (গ) মিথ্যা কামাচার থেকে বিরত থাকব।
- (ঘ) মিথ্যা কথা বলা থেকে বিরত থাকব।
- (ঙ) সুরা জাতীয় নেশা দ্রব্য পানি থেকে বিরত থাকব।

শূন্যস্থান পূরণ কর:

(ক) শীলবান ব্যক্তিকে সবাই..... করে।

উত্তর: সম্মান

(খ) শীল পালন করলে তাকে..... বলে।

উত্তর: শীলবান

(গ) জীবহত্যা

উত্তর: মহাপাপ

(ঘ) কথা বলা থেকে বিরত থাকব।

উত্তর: মিথ্যা

(ঙ) নেশাদ্রব্য.....বিরত থাকব।

উত্তর: পান করা থেকে

সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দাও :

(ক) দেহ মন গঠন করা যায়-

(i)বাক্যের দ্বারা (ii) শীল পালনের দ্বারা√ (iii) দানের দ্বারা

(খ) জীব হত্যা কী?

(i) মহাপাপ√ (ii) পাপ (iii) অভিশাপ

(গ) পাপ হয় কিসে?

(i) পঞ্চশীল নিলে (ii) মিথ্যা কথা বললে√ (iii) উচিত কাজ করলে

(ঘ) বৌদ্ধ নর-নারীর উচিত পঞ্চশীল-

(i) গ্রহণ করা (ii) কর্তন করা (iii) পালন করা✓

(ঙ) চরিত্রহীন লোককে বলে-

(i) দুঃশীল (ii) কুশীল✓ (iii) সুশীল

কর্ম ও কর্মফল

১। কর্ম কাকে বলে?

উত্তর : যা করা হয় তা কর্ম। বৌদ্ধ ধর্মে কর্মকে সর্বশ্রেষ্ঠ স্থান দেওয়া হয়েছে। ভাল কাজ করলে প্রশংসা করা হয়, খারাপ কাজ করলে নিন্দা করা হয়।

২। কর্ম কত প্রকার ও কী কী?

উত্তর : কর্ম দুই প্রকার। যথা- (ক) কুশল কর্ম (খ) অকুশল কর্ম

৩। মানুষ কীসের অধীন?

উত্তর : কাজের মধ্যে ভাল মন্দ আছে। মানুষের মাঝেও ভাল খারাপ রয়েছে। সবল-দুর্বল, সুন্দর-কুৎসিত মানুষ আছে। মানুষের কর্মফলেই এরূপ হয়। সবাই কর্মের ফল ভোগ করে। সুতরাং বুঝা যায় যে, মানুষ কর্মের অধীন।

৪। চুন্দ কোথায় বাস করত?

উত্তর : চুন্দ শ্রাবস্তীতে বসবাস করত।

৫। পাপ কর্মের ফল কেমন?

উত্তর : যারা পাপী তারা ইহলোক ও পরলোকে অনুশোচনা করে। পাপ কর্মের ফল অত্যন্ত গুরুতর। সকলেরই পাপকর্ম থেকে বিরত থাকা উচিত।

শূণ্যস্থান পূরণ কর।

(ক) যা করা হয় তা কর্ম।

(খ) কর্ম দুই প্রকার।

(গ) দুঃখীর সেবা করলে স্বাস্থ্যবান হয়।

(ঘ) হিংসা করলে বিশ্রী হয়।

(ঙ) চুন্দ শুকরের ন্যায় শব্দ করত।

সঠিক উত্তরের পাশে টিক() চিহ্ন দাও:

১. মানুষ কিসের অধীন?

(ক) ধর্মের (খ) জন্মের (গ) কর্মের✓

২. কর্ম কত প্রকার?

(ক) ২ প্রকার✓ (খ) ৪ প্রকার (গ) ১ প্রকার

৩। অহংকার করলে কোন কূলে জন্ম হয়?

(ক) উচকূলে (খ) নীচকূলে✓ (গ) জন্ম হয় না

৪। চুন্দ কিসের ন্যায় শব্দ করেছিল?

(ক) কুকুরের (খ) ঘোড়ার (গ) শুকরের✓

৫। চন্দ মৃত্যুর পর কোন মহানরকে উৎপন্ন হয়েছিল?

(ক) লৌহকুম্ভী (খ) অবীচি✓ (গ) মহাতাপন

বৌদ্ধ তীর্থ স্থান

১। চার মহাতীর্থ কী কী?

উত্তর : বুদ্ধের জন্ম, বোধিলাভ, ধর্ম প্রচার ও মহাপরিনির্বাণ এ চারটি ঘটনা গুরুত্বপূর্ণ। এ ঘটনাগুলো যে সব জায়গায় হয় সেগুলোকে মহাতীর্থ বলে। মহাতীর্থগুলো হল- লুম্বিনী, বুদ্ধগয়া, সারণাথ ও কুশীলগর।

২। বৌদ্ধ তীর্থস্থান বলতে কী বুঝ?

উত্তর : বুদ্ধে জন্ম, বোধিলাভ, ধর্মপ্রচার ও মহাপরিনির্বাণ সে স্থান গুলোতে হয়েছিল। সেই স্থান গুলোকে তীর্থস্থান বলে। তীর্থস্থান দর্শন করলে পুণ্য লাভ হয়। প্রত্যেকের তীর্থস্থান ভ্রমণ করা উচিত।